

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ০৯/০১/২০২০ খ্রি.

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইন সুবিধাসম্পন্ন ব্যাংকে হিসাব খোলার বিজ্ঞপ্তি

অত্র কলেজের ছাত্র-ছাত্রীদেরকে জানানো যাচ্ছে যে, রাঙ্গামাটি সরকারি কলেজে বিভিন্ন শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে যারা ২০১৯ সাল এবং পূর্ববর্তী সালের মেধা ও সাধারণ বৃত্তিপ্রাপ্ত হয়েছে, তাদের বরাদ্দকৃত অর্থ জি-টু-পি (E.F.T) এর আওতায় অনলাইনে প্রেরণের জন্য শিক্ষার্থীদেরকে বাংলাদেশ ব্যাংকের যেকোন তফসিলভুক্ত ব্যাংকে অবশ্যই Bank Account খুলতে হবে। তবে ১৮ (আঠারো) বছরের নিচে শিক্ষার্থীদের ক্ষেত্রে তাদের পিতা/মাতা/অভিভাবকের যৌথ নামে যেকোন তফসিলভুক্ত “স্কুল ব্যাংক” হিসাব/ ব্যাংক হিসাব (Bank Account) খুলতে হবে। উল্লেখ্য যে, ব্যাংক হিসাব ব্যতীত অন্য কোন পদ্ধতিতে বৃত্তির অর্থ প্রেরণ/উত্তোলন করা সম্ভব হবে না।

শিক্ষা মন্ত্রণালয়ের ০৪/০২/২০১৬ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-১১২ নং স্মারকে বর্ণিত ক্যাটাগরির বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে আগামী ২০/০১/২০২০ খ্রি. তারিখের মধ্যে ব্যাংক হিসাব (Bank Account) খোলার পর নির্ধারিত “ছক” অনুযায়ী তথ্যাদি মাউশি অধিদপ্তরে প্রেরণের লক্ষ্যে বৃত্তির গেজেট, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র ও হিসাব নম্বর কলেজের হিসাব শাখায় জমাদানের জন্য নির্দেশ দেয়া গেল।

(প্রফেসর মোঃ মঈন উদ্দীন)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি।

২। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল।

৩। নোটিশ বোর্ড, অত্র কলেজ, রাঙ্গামাটি।

৪। সংরক্ষণ নথি।